# কী সেবা কীভাবে পাবেন

## ৭। অন্তর্বর্তী ব্যবস্থাপনা গঠন;

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
| --- | --- | --- | --- | --- | --- | --- | --- | --- |
| ০৮ | উপজেলা/ মেট্রোপলিটন থানা/জেলা/ বিভাগীয় সমবায় অফিস/ সমবায় অধিদপ্তর | অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>৩. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | সমবায় আইন অনুযায়ী প্রতিটি সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ৩ (তিন) বছর। ফলে মেয়াদপূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন করার পদক্ষেপ গ্রহণ করতে হয়। কিন্তু নিয়মিত বা নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি তার মেয়াদকালের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করতে না পারার প্রেক্ষিতে সংশ্লিষ্ট শ্রেণির (প্রাথমিক, কেন্দ্রীয়, জাতীয়) সমবায় সমিতির আবেদনের প্রেক্ষিতে অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উদ্যোগী হয়ে, যেসকল প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকা পর্যন্ত, সেসকল প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে | ৩ দিন | বিনামূল্যে | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা-২০০৪ | প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে জেলা সমবায় অফিসার/যুগ্ম-নিবন্ধক, কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব |
| | | | ৪. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার অন্যদিকে যেসকল প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্ধ্বে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে জেলা সমবায় অফিসার, কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে উপজেলা/মেট্রোপলিটন থানা/জেলা সমবায় অফিসারের মাধ্যমে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক এবং জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রদান করেন এবং নিয়োগ আদেশ সংশ্লিষ্ট সমিতি/দপ্তরে প্রেরণ করেন। নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি আইনানুগ সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান ব্যবস্থা গ্রহণকরত নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করেন। | | | | |